

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ১. ৩. ১১. তালুতের অপরাধে তালুতের পুত্র ও নাতিদের হত্যা

ঈশ্বরের নবী ও মাসীহ তালুত ঈশ্বর নির্দেশিত এ গণহত্যা বাস্তবায়নে সামান্য ত্রুটি করার কারণে ঈশ্বর তাঁকে পরিত্যাগ করেন। ঈশ্বরের পক্ষ থেকে একটা দুষ্ট আত্মা এসে শৌল বা তালুতকে বিপথগামী করেন। আর ঈশ্বর তালুত বা শৌলের এ অপরাধের জন্য শৌলের বংশের নিরপরাধ মানুষদেরকে নির্মম শাস্তি দেন। ''দাউদের রাজত্বের সময় পর পর তিন বছর দুর্ভিক্ষ হয়েছিল। সেজন্য দাউদ মাবুদের কাছে এর কারণ জিজ্ঞাসা করলেন। জবাবে মাবুদ বললেন, 'এটা হয়েছে তালুত ও তার বংশের জন্য। তারা রক্তপাতের দোষে দোষী; তালুত গিবিয়োনীয়দের মেরে ফেলেছিল।'' (২ শামুয়েল ২১/১) ঈশ্বরের এ মহাশাস্তি থেকে বাঁচার জন্য দাউদ তালুতের দুজন ছেলে এবং তালুতের এক মেয়ের পাঁচজন ছেলে- মোট ৭ জন মানুষকে হত্যা করে লাশগুলো ফেলে রাখার ব্যবস্থা করলেন। (২ শামুয়েল ২১/২-৯)

তালুতের অপরাধের জন্য ঈশ্বর পুরো রাজ্যে দুর্ভিক্ষ দিলেন। দুর্ভিক্ষ অপসারণের জন্য পরাজিত রাজা তালুতের বংশের অসহায় ও নিরপরাধ ৭ জন মানুষের নির্মম হত্যা ও মৃতদেহের অবমাননার ব্যবস্থা করলেন। হত্যার জন্য দাউদ ৭ জনকে নিজের ইচ্ছামত বাছাই করলেন! অপরাধী, নিরপরাধ, সংশ্লিষ্ট, অসংশ্লিষ্ট, নিকটবর্তী বা দূরবর্তী কোনো কিছুই বিবেচনার কোনো প্রয়োজন নেই। তালুত-বংশের যে কোনো ৭ জন পুরুষকে হত্যা করলেই ঈশ্বরের গজব উঠে যাবে! বিভিন্ন ধর্মের নরবলি বা কুমারী কন্যা বলি দেওয়ার মতই ব্যবস্থা! কোনো একজনকে ধরে বলি দিলেই দেবতা খুশি! আর এভাবে ৭ জনকে বলি দেওয়াতে খুশি হয়ে সত্যই গজব তুলে নিলেন বাইবেলীয় ঈশ্বর (২ শামুয়েল ২১/১৪)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14263

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন